# বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি(বিএসসিপিএলসি)
## মূল্য সংবেদনশীল তথ্য এবং উল্লেখযোগ্য তথ্য প্রকাশ নীতিমালা ২০২৪

**১। সংক্ষিপ্ত শিরোনামঃ** এই নীতিমালাটি ‘‘বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য প্রকাশ নীতিমালা ২০২৪” নামে অভিহিত হবে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর প্রবিধি ৩(২) মোতাবেক বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) কর্তৃক বর্ণিত নীতিমালাটি প্রণয়ন ও প্রকাশ করা হলো।

**২। সংজ্ঞাঃ**

ক) ‘কোম্পানি’ অর্থ বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি);

খ) ‘কমিশন’ অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি);

গ) ‘স্টক এক্সচেঞ্জ’ অর্থ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ;

ঘ) ‘মূল্য সংবেদনশীল তথ্য’ অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ-৩ এ বর্ণিত তথ্যাবলীকে বুঝাইবে;

ঙ) ‘উল্লেখযোগ্য তথ্য’ অর্থ এমন তথ্য যাহা একজন যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মর্মে বিবেচিত হতে পারে।

চ) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন) এবং উহাদের অধীন জারিকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হবে।

**৩। মূল্য সংবেদনশীল তথ্যঃ** মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত তথ্যাবলীকে বিবেচনায় নিতে হবে।

ক) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার ফলাফল বা এতদসংক্রান্ত মৌলিক তথ্য;

খ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

গ) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্য; যথা- একীভূতকরণ, বিভক্তিকরণ (Demerger), অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্য;

ঘ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন সংক্রান্ত তথ্য;

ঙ) ব্যবসায় কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন, ইত্যাদি সংক্রান্ত তথ্য;

চ) ফান্ড ব্যবস্থাপনা ও ফান্ডের কাঠামোগত পরিবর্তন সম্পর্কিত তথ্য;

ছ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারিকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালা বা আদেশ বা নির্দেশ বা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

জ) কমিশন কর্তৃক সময় সময় সরকারি গেজেটে জারিকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

৪। **তথ্যের মূল্য সংবেদনশীলতা বিবেচনাঃ** কোম্পানি কর্তৃক উক্ত বিধিমালার বিধি-৩ এ উল্লিখিত তথ্যসমূহের মূল্য সংবেদনশীলতা বিবেচনা করিবার ক্ষেত্রে তফসিল-ক অনুসরণ করতে হবে।

৫। **উল্লেখযোগ্য তথ্য সরবরাহ পদ্ধতিঃ** কোম্পানি কর্তৃক বিধি-৪ এ বর্ণিত তফসিল-ক অনুসরণপূর্বক নির্ধারিত উল্লেখযোগ্য তথ্য (Material Information) নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং উল্লেখযোগ্য তথ্যাদির মধ্যে বিধি-৩ অনুযায়ী যে সকল তথ্য মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে বিবেচিত হবে, তা বিধি ৬ এর বিধান মোতাবেক প্রকাশ করতে হবে।

৬। **মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের পদ্ধতিঃ**

ক) বিএসসিপিএলসি'র কোনো মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ বা সংশ্লিষ্ট প্রাথমিক নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের নিমিত্ত সিদ্ধান্ত গ্রহণ এর ২ (দুই) ঘণ্টার মধ্যে কিংবা তথ্যটি কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে বিএসসিপিএলসি'র চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানির সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট ই-মেইল, ফ্যাক্স, ডিজিটাল সাবমিশন প্লাটফরম বা বিশেষ বার্তা বাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করতে হবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজী) এবং একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশনা নিশ্চিত করতে হবে এবং একইসাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

খ) বিএসসিপিএলসি'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কোম্পানির শেয়ারের মূল্য প্রভাবিত করার উদ্দেশ্যে কোনো মিথ্যা বা অসত্য মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করবে না কিংবা মিথ্যা বা অসত্য তথ্য সরবরাহ বা প্রকাশে কোনো ব্যক্তিকে প্ররোচিত করবে না।

গ) বিএসসিপিএলসি'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত ও প্রকাশিত উক্তরূপ তথ্যটিতে কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত গ্রহণের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রমতে তথ্যটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের গোচরে আসার তারিখ উল্লেখ করতে হইবে।

ঘ) বিএসসিপিএলসি'র মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত কোনো বিষয়ে কোম্পানির সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তাবিত হলে, কোম্পানির নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরিত হয়েছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংবেদনশীল তথ্যের ঘোষণায় উল্লেখ করতে হবে এবং উক্ত বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন বা সিদ্ধান্ত প্রাপ্তির ০২ (দুই) ঘন্টার মধ্যে উপ-বিধি (ক) মোতাবেক পুনরায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নিশ্চিত করিবে।

ঙ) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উক্ত তথ্য পাওয়া মাত্র উহা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে প্রকাশ, ট্রেডিং মনিটর বা অন্য কোনো অনুমোদিত মাধ্যমে প্রচার করিবে।

চ) যে কোনো ধরণের অতিরঞ্জন এড়াবার জন্য সহজ ও সাবলীল ভাষায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করতে হবে।

ছ) মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়াদির ঘটনা পরিক্রমা একটি ডিজিটাল ডাটাবেইজে সংরক্ষণ করতে হবে।

**তফসিল-ক**

| ক্র.নং | বিবরণ | মূল্য সংবেদনশীল তথ্য | উল্লেখযোগ্য তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| **১। কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি** | | | | |
| ক) | আর্থিক বিবরণীর পরিবর্তন<br>আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য , দায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখ্যযোগ্য সম্পদের পুনঃমূল্যায়ন বা উল্লেখ্যযোগ্য হ্রাস-বৃদ্ধি বিষয়ক কোনো তথ্য বা বিবৃতি বা মন্তব্য; | √ | | প্রকাশ কাল: ত্রৈমাসিক/বার্ষিক |
| খ) | আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদি:<br>১. শেয়ার/ইউনিট প্রতি আয়;<br>২. শেয়ার/ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;<br>৩. শেয়ার/ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য;<br>৪. ইস্যুয়ার অথবা ফান্ডের সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রনের উল্লেখযোগ্য পরিবর্তন;<br>৫. প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত সংশ্লিষ্ট ইস্যুয়ারের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোনো বিশেষ নির্দেশনার কোনো পরিবর্তন; এবং<br>৬. ইস্যুয়ার অথবা ফান্ডের একাউন্টিং পলিসির কোনো পরিবর্তন, ইত্যাদি। | √ | | প্রকাশ কাল: ত্রৈমাসিক/বার্ষিক |
| গ) | লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত; | √ | | |
| ঘ) | সিকিউরিটি হোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত; | √ | | |
| ঙ) | লভ্যাংশ বিতরণ পলিসি পরিবর্তন ইত্যাদি; | | √ | |
| চ) | ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন; | √ | | |
| ছ) | কোনো কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব; | | √ | |
| জ) | কোম্পানির নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এইরূপ মালিকানার পরিবর্তন; এবং | √ | | সরকার কর্তৃক শেয়ার হস্তান্তর বিবেচনায় |
| ঝ) | নাম বা ঠিকানা পরিবর্তন ইত্যাদি। | √ | | |
| **২। কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি:** | | | | |
| ক) | বিদ্যমান সম্পদের ৫% বা তাহার বেশি কোনো সম্পদের অধিগ্রহণ বা অবসায়ন; | √ | | |
| খ) | কোম্পানির সহিত অন্য কোম্পানির একীভূতকরণ বা কোনো কোম্পানির উল্লেখযোগ্য শেয়ার অর্জন ও অধিগ্রহণ ইত্যাদি; | √ | | মূলধনের ন্যূনতম ৫% |
| গ) | কোম্পানির কোনো ইউনিটকে বিভক্তিকরণ (Demerger); | √ | | নোট ২ সদয় দ্রষ্টব্য |
| ঘ) | কোম্পানির কোনো ইউনিটের রূপান্তর বা অবসায়ন; | √ | | নোট ২ সদয় দ্রষ্টব্য |
| ঙ) | ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন; | √ | | - |

| | বিবরণ | মূল্য সংবেদনশীল তথ্য | উল্লেখযোগ্য তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| **কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি:(চলমান)** | | | | |
| চ) | কোনো কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব; | | √ | - |
| ছ) | কোম্পানির নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এইরূপ মালিকানার পরিবর্তন; এবং | √ | | সরকারের শোয়ার বিবেচনায় |
| জ) | নাম বা রেজিষ্ট্রার্ড অফিসের ঠিকানা পরিবর্তন, ইত্যাদি। | √ | | |
| **৩। পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাবলী:** | | | | |
| ক) | সিকিউরিটির প্রাইভেট বা পাবলিক বা রাইটস অফার অথবা এর পুঁজি কাঠামোর পরিবর্তন সংক্রান্ত কোনো সিদ্ধান্ত; | √ | | - |
| খ) | সিকিউরিটি পরিকল্পিতভাবে পুনঃক্রয় বা রিডেমপশন; | √ | | - |
| গ) | যে কোনো শেয়ার কনসোলিডেশন , শেয়ার বিনিময়, কোনো সিকিউরিটিকে ইক্যুইটি সিকিউরিটিতে রূপান্তর অথবা ঋণপত্রকে শেয়ারে রূপান্তর সংক্রান্ত সিদ্ধান্ত; এবং | √ | | - |
| ঘ) | সিকিউরিটি হোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি। | √ | | - |
| **৪। ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি:** | | | | |
| ক) | কোম্পানির প্রযুক্তি, উৎপাদন বা স্থাপনা সম্পর্কিত উল্লেখযোগ্য কোনো উন্নয়ন বা পরিবর্তন; | √ | | নোট ২ সদয় দ্রষ্টব্য |
| খ) | উল্লেখযোগ্য পুঁজি বিনিয়োগ অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের উল্লেখযোগ্য পরিবর্তন; | √ | | নোট ৩ সদয় দ্রষ্টব্য |
| গ) | উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন; | √ | | প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নোট ২ সদয় দ্রষ্টব্য |
| ঘ) | দীর্ঘ মেয়াদী অনাদায়ী তহবিলের উল্লেখযোগ্য আদায়; | √ | | নোট ৩ সদয় দ্রষ্টব্য |
| ঙ) | প্রধান নির্বাহী, সিইও, সিএফও, কোম্পানি সচিবসহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যুতি; | | √ | - |
| চ) | বিধিবদ্ধ নিরীক্ষক বা কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিটর, ক্রেডিট রেটিং কোম্পানির পরিবর্তন; | | √ | - |
| ছ) | লিগ্যাল প্রসেডিংস শুরুকরণ বা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা বা কোনো উল্লেখযোগ্য রায় বা আদেশ; | | √ | - |
| জ) | স্টক এক্সচেঞ্জ হইতে সিকিউরিটি বা ফান্ডের ইউনিটের তালিকাচ্যুতি বা এক ক্যাটাগরি হতে অন্য ক্যাটাগরিতে পরিবর্তন; | √ | | বর্তমানে প্রযোজ্য নয়। |
| ঝ) | উল্লেখযোগ্য ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেস্টরস রিলেশন এগ্রিমেন্ট, সার্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশন যাহা আর্থিক বিবরণিকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করিতে পারে এইরূপ কোনো চুক্তি; | √ | | নোট ২ সদয় দ্রষ্টব্য |

| | বিবরণ | মূল্য সংবেদনশীল তথ্য | উল্লেখযোগ্য তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| **৪। ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি: (চলমান)** | | | | |
| ঞ) | কোনো স্থায়ী সম্পত্তি ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত বা প্লান্ট বা মেশিনারীর সংস্কার বা উন্নয়ন বা সম্প্রসারণ (BMRE) বা নূতন ইউনিট স্থাপন সংক্রান্ত তথ্য; এবং | √ | | প্লান্ট বা মেশিনারীর সংস্কার বা উন্নয়নের ক্ষেত্রে নোট ২ সদয় দ্রষ্টব্য |
| ট) | আন্তঃ কোম্পানি বা সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে উল্লেখযোগ্য অগ্রিম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান-প্রদান, ইত্যাদি। | √ | | হিসাব নীতি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে। |
| **৫। ঋণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি :** | | | | |
| ক) | পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যাহা অধিক তাহার ২৫% বা তাহার বেশি পরিমান ঋণ গ্রহণ ও পরিশোধ; | √ | | |
| খ) | ২৫% বা তাহার বেশি পরিমাণ সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ; | √ | | |
| গ) | কোনো ব্যাংক বা পাওনাদার বা ঋণপত্রের দায় বা দেনা পরিশোধে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের ব্যর্থতা; | | √ | |
| ঘ) | উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং | √ | | নোট ৩ সদয় দ্রষ্টব্য |
| ঙ) | পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যাহা অধিক তাহার ২৫% বা তাহার বেশি বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি | √ | | |
| **৬। অন্যান্য :** | | | | |
| ক) | কোনো গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/ স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন; | √ | | নোট ৩ সদয় দ্রষ্টব্য |
| খ) | কোম্পানি বা ইস্যুয়ারের উল্লেখযোগ্য কোনো সম্পদের ক্ষতি বা উহার ভাবমূর্তি ক্ষুন্নকারী কোনো ঘটনা; | √ | | নোট ৩ সদয় দ্রষ্টব্য |
| গ) | পূর্বে ঘোষিত কোনো প্রকল্প বাতিল বা উহার উল্লেখযোগ্য সংশোধন; এবং | √ | | নোট ২ সদয় দ্রষ্টব্য |
| ঘ) | ইস্যুয়ার বা ফান্ডের অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি। | √ | | |

**বিঃ দ্রঃ**

**নোট ১: বিএসসিপিএলসি কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এবং উক্ত বিধিমালার অধীন জারিকৃত আদেশ/প্রজ্ঞাপন/নির্দেশনা ইত্যাদির বিধান মোতাবেক মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য প্রকাশ করা হবে।**

**নোট ২: সংশ্লিষ্ট পরিবর্তন সংক্রান্ত তথ্য কোম্পানির বিদ্যমান মোট সক্ষমতার ২৫% বা তার অধিক হলেমূল্য সংবেদনশীল তথ্য হিসেবে এবং ২৫% এর কম কিন্তু ১০% পর্যন্ত হলে উল্লেখযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে। তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন পরিবর্তন সংক্রান্ত তথ্য কোম্পানির বিদ্যমান মোট সক্ষমতার ১০% এর কম হলে উক্ত পরিবর্তন সংক্রান্ত তথ্য মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে না।**

**নোট ৩: সংশ্লিষ্ট পরিবর্তন সংক্রান্ত তথ্য কোম্পানির পরিশোধিত মূলধন বা নিরীক্ষিত নীট সম্পদ মূল্যের মধ্যে যা অধিক তার ২৫% বা তার অধিক হলে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে এবং ২৫% এর কম কিন্তু ১০% পর্যন্ত হলে উল্লেখযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে। তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন পরিবর্তন সংক্রান্ত তথ্য কোম্পানির পরিশোধিত মূলধন বা নিরীক্ষিত নীট সম্পদ মূল্যের মধ্যে যা অধিক তার ১০% এর কম হলে উক্ত পরিবর্তন সংক্রান্ত তথ্য মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে না।**